


## চতুর্থ অধ্যায়

### এইচটিএমএল এবং ওয়েবসাইট ডিজাইন

#### মডেল--০২

১.



ক. ওয়েব সাইট কী?

খ. ওয়েব সাইট এর Network গঠন ব্যাখ্যা কর।

গ. চিত্র-১ এ উল্লেখিত ছবি 150×250 সাইজের করে আউটপুট পাওয়ার জন্য HTML কোড লিখ।

ঘ. চিত্র-২ এর আউটপুট পাওয়ার জন্য কী কী ধরনের tag ব্যবহার করা প্রয়োজন? বিশ্লেষণ কর।

২. 'ক' কলেজের অধ্যক্ষ নতুন করে প্রতিষ্ঠানের জন্য একটি ওয়েব সাইট তৈরি করেছেন। তার ওয়েবসাইটে শুধুমাত্র প্রতিষ্ঠানের তথ্যাদি দেখা ও পড়া যায়। তিনি 'খ' কলেজের ওয়েব সাইটে দেখতে পেলেন শিক্ষার্থীরা ঐ প্রতিষ্ঠানে ভর্তির জন্য সরাসরি আবেদন করতে পারেন। আবেদন ফি জমা দেওয়ার জন্য প্রতিষ্ঠানে আসতে হয় না। কম্পিউটারের মাধ্যমে আবেদন করার পর শিক্ষার্থী প্রবেশ পত্র প্রিন্ট করে নিতে পারে।

ক. অ্যাট্রিবিউট কী ?

খ. টেবিলের ট্যাগে ব্যবহৃত হয় এমন ২টি অ্যাট্রিবিউট ব্যাখ্যা কর।

গ. 'ক' কলেজে কোন ধরনের ওয়েব সাইট ব্যবহার করা হয়েছে ? ব্যাখ্যা কর।

ঘ. 'খ' কলেজের সাইটটি কোন ধরনের এবং ঐ ধরনের সাইটে কী ধরনের সুবিধা পাওয়া যায়? বিশ্লেষণ কর।

৩. নিচের উদ্দীপকটি লক্ষ কর এবং প্রশ্নগুলোর উত্তর দাও।

```
<html>
```

```
<body bgcolor = "yellow">
```

```
<font size = "22" color = "red" face = "Arial">
```

Department of Information and Communication Technology (ICT)

```
</font>
```

```
</body>
```

```
</html>
```

ক. HTTP বলতে কী বোঝ?

খ. Table tag এর গঠন লিখ।

গ. উদ্দীপকের আলোকে ফন্ট সাইজ ৩৬ এবং ফন্ট Arial, Bold ও Underline করে লেখাটি ফুটিয়ে তোলার জন্য প্রয়োজনীয় কোড লিখ।

ঘ. উদ্দীপকটি বিশ্লেষণ কর।